



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫, মতিবিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।

ফোনঃ ০২২২৩৩৮৩১৬৫
Email:
dgmrecovery@krishibank.org.bd

প্রকা/আদায়-২(১)/নীতিমালা/২০২৫-২০২৬/৬৫৯

তারিখ : ০৬-০৪-২০২৬ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

বিষয়ঃ অনুর্ধ্ব ১০(দশ) হাজার টাকা কৃষি ঋণের সুদ মওকুফ বাস্তবায়ন সংক্রান্ত দিক নির্দেশনা।

প্রিয় মহোদয়

শিরোনামের বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১৫/০৩/২০২৬ খ্রিঃ তারিখের স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.০০০.২১২.২০.০০১০.২৬-৩২ এবং ৩১/০৩/২০২৬ খ্রিঃ তারিখের স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.০০০.৩২১.২৮.০০০১.২৫.৪৪/১(২৫) এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। নির্বাচনী ইশতেহার, ২০২৬ অনুযায়ী অনুর্ধ্ব ১০(দশ) হাজার টাকা কৃষি ঋণের সুদ ও আসল মওকুফ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহকে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের অনুরোধ করা হলোঃ

ক) দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তিঃ- ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুর্ধ্ব ১০(দশ) হাজার টাকা কৃষি ঋণের অনারোপিত সুদ ও ৫২-স্থগিত সুদ মওকুফের বিষয়টি দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে শাখাসমূহ যথাযথ কর্তৃপক্ষের সুপারিশসহ মওকুফ প্রস্তাব ঋণ আদায় বিভাগে প্রেরণ করবেন। যেসকল গ্রাহকের কাগজপত্র সঠিক আছে তাঁদের ঋণ প্রথমেই মওকুফের নিমিত্ত শাখাসমূহ পর্যায়ক্রমিকভাবে এবং বিভাগীয় কার্যালয়সমূহ গুচ্ছাকারে প্রস্তাব প্রেরণ করবেন।

খ) সঠিকতার প্রত্যয়নঃ- সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের সময় পরিশিষ্ট-০১ এ বর্ণিত ১৮ কলাম অনুযায়ী হিসাবায়ন করতে হবে এবং প্রতিবেদনের প্রতি পাতায় ব্যবস্থাপক ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তার স্বাক্ষরসহ সর্বশেষ পাতায় “নিরীক্ষা করতঃ সকল হিসাবায়ন সঠিক আছে” মর্মে প্রত্যয়ন দিতে হবে। বিষয়টি বাংলাদেশ ব্যাংক স্পেশাল অডিট টিম কর্তৃক নিরীক্ষা সাপেক্ষে নিষ্পত্তি হবে বিধায় সর্বোচ্চ সতর্কতা অবলম্বনপূর্বক হিসাবায়নের জন্য শাখা এবং আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়কে পরামর্শ দেয়া হলো। এছাড়া, শাখা কর্তৃক উক্ত ঋণ নথিসমূহ যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

গ) জালিয়াতির মাধ্যমে প্রদত্ত ঋণ ও বেনামী ঋণের সুদ মওকুফ প্রস্তাব প্রেরণ করা যাবে না। শাখা কর্তৃক প্রস্তাব প্রেরণের সময় “জালিয়াতির মাধ্যমে এবং বেনামে ঋণ প্রদান করা হয়নি” মর্মে প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।

ঘ) দ্বৈততা বর্জন নিশ্চিতকরণঃ- শাখা হতে প্রস্তাব প্রেরণের সময় কোনো ঋণ হিসাব যাতে একাধিকবার প্রেরণ করা না হয় তা নিশ্চিত করতে হবে।

ঙ) জেলা/উপজেলা কৃষি ঋণ কমিটিতে হালনাগাদ তথ্য উপস্থাপনঃ- সরকারি সিদ্ধান্ত অনুযায়ী জেলা/উপজেলা পর্যায়ে কৃষি ঋণ কমিটিতে সংশ্লিষ্ট শাখা/কার্যালয় কর্তৃক সুদ মওকুফ সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করতে হবে।

চ) মামলা নিষ্পত্তিঃ- সরকার কর্তৃক প্রদানকৃত অর্থ প্রাপ্তি সাপেক্ষে বিদ্যমান মামলাসমূহ অবিলম্বে প্রত্যাহার করতে হবে।
এবং

৬


D

চলমান পাতা-০২

ছ) ঋণগ্রহীতাকে অবহিতকরণঃ- ব্যাংক কর্তৃক সরকারের নিকট হতে পাওনা প্রাপ্তির পর ঋণ হিসাব বন্ধ করে ঋণ মওকুফের বিষয়টি ঋণগ্রহীতাকে লিখিতভাবে অবহিত করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


(মুহাম্মদ রাশিদুল ইসলাম)


উপমহাব্যবস্থাপক

তারিখ : ০৬-০৪-২০২৬ খ্রিঃ

প্রকা/আদায়-২(১)/নীতিমালা/২০২৫-২০২৬/৬৫৯(০৭)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সচিব, পর্যদ সচিবালয়/ সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি (আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ও তদারকির অনুরোধসহ)।
- ০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি (সর্বোচ্চ গুরুত্ব সহকারে নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের অনুরোধ সহ)।
- ০৭। নথি


(মুসলিমা জাহান)
সহকারী মহাব্যবস্থাপক